গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং:- ১৩.০১.০০০০.১৪০.৪৮.২৪৩.২৩.২৭২ তারিখঃ ০১/০৭/২০২৪ খ্রি.।

**দরপত্রদাতা প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণের জন্য নবায়ন ফি জমাদানের বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত দরপত্রদাতা প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ৩০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। তৎপ্রেক্ষিতে PPR-2008 এর বিধি-৫২ উপবিধি ৩(ঙ) তফসিল-২ অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের দরপত্রদাতা প্রতিষ্ঠানের তালিকা নবায়ন করার জন্য গত ২০২৩-২০২৪ অর্থবছরে সংরক্ষিত ১১৮৭-টি দরপত্রদাতা প্রতিষ্ঠানের লাইসেন্সের নবায়ন ফি জমাদানের মেয়াদ আগামী ০২/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে ৩১/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত নির্ধারণ করা হলো। সে মোতাবেক PPR-2008 এর বিধি-৫২ উপবিধি ৩(ঙ) তফসিল-২ এর আলোকে ২০২৪-২০২৫ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত মাত্র) টাকা আগামী ৩১/০৭/২০২৪ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং- ৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ

১) ২০২৩-২৪ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স, IT এবং Vat-সহ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি তালিকা সংরক্ষণের আবেদনের সাথে জমা দিতে হবে।

২) হালনাগাদ সংরক্ষিত দরপত্রদাতাগণ খাদ্য অধিদপ্তরাধীন আঞ্চলিক কার্যালয় হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM)'র আওতায় দরপত্রেও অংশগ্রহণ করতে পারবে।

৩) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০২.০৭.২০২৪
মো: আবু বকর সিদ্দিকী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)
ফোন: ০২- ৪১০৫০৭২৫
ই-মেইল Se.mu@dgfood.gov.bd

স্মারক নং:- ১৩.০১.০০০০.১৪০.৪৮.২৪৩.২৩.২৭২ তারিখঃ ০১/০৭/২০২৪ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল), ...........................................................।
৪। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; **[বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]**
৫। সিস্টেম এ্যানালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; **[বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]**
৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৮। অফিস কপি।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)
ফোন: ০২- ৪১০৫০৭২৫
ই-মেইল Se.mu@dgfood.gov.bd